# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

কোন মুসলিমের জন্য কি বিভিন্ন জীবজন্তু যেমন ইঁদুর কাটা জায়েয আছে? যদি সেটা লেখাপড়ার উদ্দেশ্যে হয়। অনুরূপভাবে শুকর কাটা ও মানুষের হাড্ডি স্পর্শ করা কি জায়েয আছে?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

পড়াশুনার উদ্দেশ্যে বিভিন্ন জীবজন্তু ও কীটপতঙ্গ বা অন্যকিছুর পোস্টমর্টেম করতে কোন আপত্তি নেই। যেহেতু এর মধ্যে কল্যাণের দিকটি প্রবল। অনুরূপভাবে পড়াশুনার উদ্দেশ্যে মানবদেহের পোস্টমর্টেম করতেও কোন বাধা নেই। তবে কোন মুসলমানের পোস্টমর্টেম করা যাবে না। যেহেতু জীবিত অবস্থায় একজন মুসলমানের যে মর্যাদা থাকে মৃত্যুর পরও সে মর্যাদা অটুট থাকে। পড়াশুনার স্বার্থে শুকর কাটতে কোন আপত্তি নেই। তবে শুকর যেহেতু নাপাক তাই কোন আবরণ দিয়ে শুকরকে ধরতে হবে। আর যদি সরাসরি ধরার প্রয়োজন পড়ে তাহলে পরে হাত ধুয়ে পরিষ্কার করে নিবে। আর মানুষের হাড্ডি সরাসরি স্পর্শ করতে কোন বাধা নেই। যেহেতু মানুষ মারা গেলেও নাপাক হয় না।
শাইখ আব্দুল কারিম আল-খুদাইর

## ফুটনোট

http://islamqa.info/bn/8509

Source — https://www.hadithbd.com/books/link/?id=2336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন